।।ছেলেকে ট্রেণ থেকে।।

বুড়ো-বুড়ি দম্পতি--
পাশে মোর পাজি অতি!
সংসারে যত মাল
এখানে করেছে টাল।
বন্ধ করেছে পথ
জানিনে কি মনোরথ!
সঙ্গে জুটেছে নাতি
ছোট্ট একটি হাতি।
চকোলেট চাই তার
আরো কত আবদার।
কেবলই খাচ্ছে তারা
ভয়েতে হচ্ছি সারা--
রাতে যদি করে পক্
গন্ধেতে ভক্ ভক্
করবে রে কামরা
যাব কোথা আমরা?

***

ওরে বুড়ো! তোর মুড়ো,
পারি যদি, করি গুঁড়ো!

***

চারিদিকে নাসিকার ঘোর গর্জন-
ঘুম তাই একেবারে করে বর্জন-
চেয়ে দেখি জানালার ঠিক বাহিরে
মিশকাল আঁধারেতে কিছু নাহি রে!

***

এসে গেল প্রায় আলিগড়-
দিল্লিতে পৌঁছাব আর কিছু পর--
শরীরের এ যাবৎ নাহি গড়বড়!

২ রা জুলাই, ১৯৮৬।